



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

১৫১৪১

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ দিনাজপুর-১৮৬/১৫৬/১৬

তারিখ : ১৪/০২/২০১৭খ্রিঃ

বিষয় : সভাপতি পদ বাতিলসহ অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং- ৫৫৩/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসার সভাপতি পদ বাতিলসহ অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া সংক্রান্ত এ দপ্তরের নং- বামাশিবো/প্রশা/ দিনাজপুর-১৮৬/৩১/৩; তারিখঃ ০৫/০১/২০১৭খ্রিঃ স্মারকের বিরুদ্ধে জনাব মোঃ আফসার আলী মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫৫৩/২০১৭ দায়ের করেছেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

২) রিট পিটিশনটি মাদরাসার গভার্ণিং বডি সংক্রান্ত বিধায় মামলাটি পরিচালনার জন্য মাদরাসার অধ্যক্ষকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসা
পার্বতীপুর, দিনাজপুর।

নং- বামাশিবো/প্রশা/ দিনাজপুর-১৮৬/

তারিখ : ১৪/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপ-সচিব (আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, দিনাজপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৪. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪